**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**1 Nov 2025** **7:35 AM**

---

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা গতকাল ২৮৯ কোটি টাকা ব্যয়ে লক্ষিমপুর মেডিক্যাল কলেজ ও হাসপাতালের ২০৫ শয্যা বিশিষ্ট সুপার স্পেশালিটি হাসপাতাল এবং নার্সিং কলেজের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন । এর পূর্বে তিনি লক্ষিমপুর ক্যান্সার হাসপাতালের বেশ কয়েকটি বিভাগ জনসাধারণের উদ্দেশ্যে উৎসর্গ করেন । এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণ করে মুখ্যমন্ত্রী বলেন যে এই মেডিক্যাল কলেজটিতে বি এস সি নার্সিং সহ এম এস সি নার্সিং কোর্সের ব্যবস্থা করা হবে । এর জন্য প্রাথমিক প্রস্তুতি শুরু করা হয়েছে বলে তিনি জানান ।রাজ্যে আগামী চার পাঁচ বছরের মধ্যে ৩০ টি মেডিক্যাল কলেজ স্থাপন করা হবে বলেও মুখ্যমন্ত্রী উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন যে প্রতি বছর দুটি করে মেডিক্যাল কলেজ স্থাপন করা হচ্ছে । রাজ্য সরকার প্রতি বছর রাজ্যে প্রায় দুহাজার নার্সকে নিযুক্তি প্রদান করছে বলে মুখ্যমন্ত্রী ডঃ শর্মা জানান । সুপার স্পেশালিটি হাসপাতালটিতে বেশ কয়েকটি বিভাগ স্থাপন করা হয়েছে

বলে উল্লেখ করে তিনি বলেন যে এর জন্য প্রয়োজনীয় অত্যাধুনিক চিকিৎসা সরঞ্জামের ব্যবস্থা করা হবে ।

---

উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রী শ্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া আজ তাঁর অসম ও মেঘালয় সফরের দ্বিতীয় দিনে বিভিন্ন কর্মসূচিতে অংশ নেবেন। তিনি শিলং-এ শিটাকে মাশরুম ইউনিট পরিদর্শন করেন এবং রংথ্লিয়াং লিভিং রুট ব্রিজ পরিদর্শনের পর সোহারার কুতমাদানে উদ্যোক্তা ও হস্তশিল্পীদের সঙ্গে মতবিনিময় করবেন। পরে তিনি সোরা সার্কিট ডেভেলপমেন্ট প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করে এবং পর্যটন ক্ষেত্রের অংশীদারদের সঙ্গে এক জনসভায় অংশ নেবেন ।

---

রাজ্য সরকার সংগীত শিল্পী জুবিন গার্গের মৃত্যুর সিংগাপুরে হোয়া মরনোত্তর পরীক্ষার বিস্তারিত প্রতিবেদন গতকাল পেয়েছে ।মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা একথা জানিয়ে বলেন যে বিশেষ অনুসন্ধানকারী গোষ্ঠীর তদন্ত সঠিক দিকে আশাঅনুরুপভাবে এগিয়ে চলেছে এবং সময়মত তদন্তকারী গোষ্ঠী অভিযোগনামা দাখিল করতে পারবে । গতকাল সন্ধ্যায় মুখ্যমন্ত্রী ড: শর্মা সাংবাদিকদের একথা জানিয়েছেন । -- **বাইট**

---

এদিকে বহু প্রতীক্ষার পর গতকাল আসাম সহ দেশের বিভিন্ন প্রান্তে আজ সদ্যপ্রয়াত শিল্পী জুবিন গর্গের অন্তিম ছবি ‘রৈ রৈ বিনালে’

মুক্তি পেয়েছে । রাজ্যের বহু স্থানে গতকাল ভোর চারটা বেজে ২৫ মিনিটে ছবিটির প্রথম শো প্রদর্শিত হয়েছে । আজ ভোরের দিকে বৃষ্টি উপেক্ষা করে ছোট-বড় নির্বিশেষে সব বয়সের লোকজন সিনেমা হলগুলিতে ভীড় করেন ।

শিলচর শহরের দুটি প্রক্ষাগৃহেও গতকাল এই ছায়াছবি মুক্তি পেয়েছে। ছবিটি দেখে দর্শকগণ অশ্রুসিক্ত নয়নে শিল্পীকে স্মরণ করেন । উল্লেখ্য- ‘রৈ রৈ বিনালে’ ছবির কাহিনী জুবিন গর্গের । পরিচালনা করেছেন রাজেশ ভূইঞা । ছবিটিতে জুবিন গর্গ নিজে অভিনয় করেছেন । এছাড়া ভিক্টর ব্যানার্জী সহ বহু নতুন পুরনো অভিনেতা অভিনেত্রীকে এতে দেখা গেছে ।

---

সমগ্র দেশের সাথে আসামেও গতকাল সর্দার বল্লভ ভাই প্যাটেলের ১৫০ তম জন্ম বার্ষিকী জাতীয় একতা দিবস হিসেবে পালন করা হয় ।এ উপলক্ষে রাজ্যের বিভিন্ন স্থানে আজ লৌহ মানব সর্দার প্যাটেলকে শ্রদ্ধা নিবেদন করা সহ সকালে একতা দৌড়ের আয়োজন করা হয় ।মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা এই দিবস উপলক্ষে সর্দার প্যাটেলের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন । মুখ্যমন্ত্রী জাতীয় একতা অক্ষুন্ন রাখার জন্য নিজেকে সমর্পণ করতে সবার প্রতি আহ্বান জানান ।
বরাক উপত্যকার তিন জেলায়ও গতকাল বিভিন্ন কার্যসূচীর মধ্য দিয়ে সর্দার প্যাটেলের জন্ম বার্ষিকী পালন করা হয় । এই দিবস উপলক্ষে আজ শিলচরে জেলা প্রশাসনের উদ্যোগে প্রতীকী ‘ঐক্য পদযাত্রার ’আয়োজন করা হয় ।পদযাত্রার মাধ্যমে ভারতের লৌহ মানবের অদম্য

চেতনা এবং দেশ গঠনে তাঁর ভূমিকাকে স্মরণ করা হয় এবং তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয় ।পদযাত্রায় সাংসদ পরিমল শুক্লবৈদ্য ,রাজ্যসভার সাংসদ কণাদ পুরকায়স্থ ,বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই , বিধায়ক দীপায়ন চক্রবর্তী , মিহির কান্তি সোম , নিহার রঞ্জন দাস ,জেলা আয়ুক্ত মৃদুল যাদব সহ জেলা প্রশাসনের কর্মকর্তা , বিভিন্ন স্কুল কলেজের ছাত্রছাত্রী , বেসরকারী সংস্থার প্রতিনিধি , ক্রীড়াবিদ , এন এস এস ও এন সি সি’র সদস্যরা অংশগ্রহণ করেন ।

---

এদিকে শ্রীভূমি জেলা প্রশাসনের উদ্যোগেও গতকাল বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে জাতীয় একতা দিবস পালন করা হয়েছে । জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদীর পৌরহিত্যে আয়োজিত সভায় সহকারী আয়ুক্ত রূপক মজুমদার জাতীয় একতা দিবসের শপথ বাক্য পাঠ করান ।

---

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে গতকাল জাতীয় একতা দিবস উপলক্ষ্যে হাইলাকান্দি শহরে একতা পদযাত্রার আয়োজন করা হয়। পদযাত্রায় সাংসদ কৃপানাথ মালা , জেলা আয়ুক্ত অভিষেক জৈন , সিনিয়র পুলিশ সুপার অমিতাভ সিনহা , পৌরসভার সভাপতি মানব চক্রবর্তী , জেলা বিজেপি সভাপতি কল্যান গোস্বামী সহ সর্বস্তরের জনগন অংশগ্রহন করেন । পাশাপাশি সাংস্কৃতিক কার্য্যসূচী ও যোগ ব্যায়াম সহ আত্ম-সহায়ক গোষ্ঠীর উৎপাদিত সামগ্রীর একটি প্রর্দশনী ও মেলার আয়োজন

করা হয় । জাতীয় একতা দিবসের অঙ্গ হিসেবে আগামী তেসোরা নভেম্বর বির্তক ও কুইজ প্রতিযোগীতা , আগামী চৌঠা নভেম্বর স্বচ্ছতা অভিযান , সেমিনার ও কর্মশালা , ১০ই নভেম্বর জেলা পর্যায়ের পদযাত্রা , সাংস্কৃতিক অনুষ্ঠান ও ১১ই নভেম্বর স্বচ্ছতা অভিযান চালানো হবে ।

---

সমগ্র দেশে গত ২১ শে সেপ্টেম্বর থেকে শুরু হোয়া  সাংসদ খেল মহোৎসব গতকাল ডিব্রুগড়ে ও শুরু হয়েছে । গতকাল ডিব্রুগড়ের চৌকিদিঙি খেলার মাঠে  কেন্দ্রীয় মন্ত্রী তথা লোকসভা আসনের সাংসদ সর্বানন্দ সনোয়াল এই খেল মহোৎসবের আনুষ্ঠানিকভাবে সূচণা করেন । খেল মহোৎসব আগামী ২৫ শে ডিসেম্বর শেষ হবে । ডিব্রুগড় ও তিনসুকিয়া উভয় জেলার বিভিন্ন স্থানে সাংসদ খেল মহোৎসব অনুষ্ঠিত হবে । খেল মহোৎসবের উদ্ভোধন করে শ্রী সনোয়াল বলেন যে সমাজ জীবনে ক্রীড়ার যথেষ্ট প্রাসংগীকতা রয়েছে ও ক্রীড়া ক্ষেত্রে  সফলতার সংগে প্রদর্শন করলে স্বাস্থের ও নানাভাবে উন্নতি হবে । সুস্থ সমাজ গড়তে হলে একটি সুস্থ শরীর ও তৈরী করতে হবে বলে কেন্দ্রীয় মন্ত্রী মন্তব্য করেন ।

---

শিলচর শহরে কৃত্রিম বন্যা পরিস্থিতি রোধে জেলা প্রশাসনের দৃঢ় পদক্ষেপের অংশ হিসেবে সিংগীরখাল এলাকাবাসীদের উদ্দেশ্যে এক বিজ্ঞপ্তী জারি করা হয়েছে ।
জেলা আয়ুক্ত মৃদুল যাদব এক নির্দেশে জানিয়েছেন যে সিংগীরখাল এলাকার সকল বাসিন্দা ও সম্পত্তির মালিকরা আগামী ১৫ ই নভেম্বরের মধ্যে যেন স্বেচ্ছায় তারা বেআইনী নির্মাণ , দখলকৃত স্থান

থেকে সড়ে পড়েন । অন্যথায় আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে ।

---